## ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট)
শিক্ষাবর্ষ ঃ ২০১২-২০১৩

### বাংলা

০১. 'দফতরি' শব্দের অর্থ-
ক. ভ্রাম্যমাণ লাইব্রেরি খ. অফিসের প্রহরী গ. অফিসের রীতিনীতি ঘ. বাঁধাইকর

ব্যাখ্যা: দফতরি -
i. দফতরের প্রয়োজনীয় জিনিসপত্র রক্ষক ও পরিবেশকে
ii. যে পুস্তক বাঁধাইয়ের কাজ করে iii. পিয়ন
সঠিক উত্তর : ঘ.

০২. প্রমথ চৌধুরীর মতে পৃথিবীতে শ্রেণিভেদ নেই কোথায়?
ক. কলারাজ্যে খ. রঙ্গভূমিতে গ. খেলার ময়দানে ঘ. মনোজগতে

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

০৩. 'Forgery' শব্দের বাংলা পরিভাষা-
ক. ফৌজদারি খ. জালিয়াতি গ. বলপ্রয়োগকারী ঘ. দালালি

ব্যাখ্যা: কিছু গুরুত্বপূর্ণ পরিভাষা -

| | |
|---|---|
| Aesthetics - নন্দনতত্ত্ব | Dead lock - অচলাবস্থা |
| Agency - অনুসংগঠন | Drier - শোষক |
| Bribery - উৎকোচ | Levy - আরোপন |
| Brokarage - দালালি | Low water - নিচু পানি |
| Confession - স্বীকারোক্তি | Loyal statement -জবানবন্দি |
| Forgeroy - জালিয়াতি | |

সঠিক উত্তর : খ.

০৪. শুদ্ধ বানান গুচ্ছ কোনটি?
ক. বিভীষিকা, শারীরিক, সমীচিন, পিপীলিকা
খ. অদ্ভুত, উদ্ভূত, অন্তর্ভূত, পরাভূত
গ. পূর্বাহ্ন, মধ্যাহ্ন, অপরাহ্ন, আহ্নিক
ঘ. নির্ণিমেষ, নির্ণয়, দুর্নীতি, দুর্নাম


ব্যাখ্যা: শুদ্ধরূপ - সমীচীন, পূর্বাহ্ন, নির্নিমেষ (পলকহীন)
সঠিক উত্তর : খ.

০৫. নিচের অশুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি?
ক. সু + অল্প = স্বল্প খ. অনু + এষণ = অন্বেষণ
গ. আদ্য + অন্ত = আদ্যন্ত ঘ. ভৌ + উক = ভাবুক

ব্যাখ্যা: ই-কার কিংবা ঈ-কারের পর ই বা ঈ ভিন্ন অন্য স্বর থাকলে ই বা ঈ 'য' হয়। যেমন-আদি+অন্ত=আদ্যন্ত; এরূপ-অত্যন্ত, অত্যুক্তি, পর্যন্ত, অভ্যুত্থান, অগ্ন্যুৎপাত ইত্যাদি।
সঠিক উত্তর : গ.

০৬. 'বঙ্গ-কামরূপী' থেকে সৃষ্ট একটি ভাষা বাংলা, অপর ভাষা কোনটি?
ক. অসমিয়া খ. উড়িয়া গ. হিন্দি ঘ. ব্রজবুলি

ব্যাখ্যা: বাংলা ভাষা বিবর্তনের ধারা-




সঠিক উত্তর : ক.

০৭. 'একটু' শব্দের 'টু' কী?
ক. প্রত্যয় খ. অনুসর্গ গ. পদাশ্রিত নির্দেশক ঘ. অব্যয়

ব্যাখ্যা: কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোন পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে এগুলো পদাশ্রিত নির্দেশক। উদাহরণ - টা,টি,খানা, খানি, গুলি, গুলো, টু, টে, টুকু ইত্যাদি পদের শেষ অংশে বসে।
- শব্দের আগে বসে - উপসর্গ
- শব্দের পরে বসে - অনুসর্গ, প্রত্যয়, বিভক্তি ও পদাশ্রিত নির্দেশক

সঠিক উত্তর : গ.

০৮. রোকেয়া সাখাওয়াত হোসেন 'নাকের দড়ি' বলতে বুঝিয়েছেন-
ক. নাকফুল খ. বাধ্য করার অস্ত্র গ. নোলক ঘ. ফাঁসির রজ্জু

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

০৯. পোর্তুগিজ 'আনানস' বাংলায় হয়েছে 'আনারস'। এটি কোন ধরনের পরিবর্তন?
ক. সাদৃশ্যগত খ. বৈসাদৃশ্য গ. অর্থগত ঘ. ধ্বনিতাত্ত্বিক

সঠিক উত্তর : ঘ.

১০. 'ণ-ত্ব' বিধি অনুসারে কোন বানানটি ভুল?
ক. পুরোনো খ. ধরন গ. পরগণা ঘ. রূপায়ণ

ব্যাখ্যা: শুদ্ধরূপ - পরগনা।
সঠিক উত্তর : গ.

১১. "প্রজাপতির দুই পক্ষ" কথাটির প্রজাপতি বলতে বোঝানো হয়েছে-
ক. বিরল প্রজাতির প্রতঙ্গ খ. বরকনে উভয় পক্ষ
গ. ব্রহ্মা ঘ. প্রজাবৎসল জমিদার

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : গ.

১২. 'আইলা' ও 'কিরিচ' কোন ভাষার শব্দ?
ক. মেক্সিকান খ. মালয়
গ. ফরাসি ঘ. ইতালীয়

ব্যাখ্যা: সংখ্যায় কম কিন্তু গুরুত্বপূর্ণ কিছু ভাষার শব্দ-
- গুজরাটি শব্দ - হরতাল, খদ্দর
- ইতালীয় শব্দ - মাফিয়া
- চিনা শব্দ - চা, চিনি, সাম্পান
- অস্ট্রেলীয় শব্দ - বুমেরাং
- ওলন্দাজ শব্দ - ইস্কুপ, তুরুপ, টেক্কা
- মালয় শব্দ - কিরিচ, আইলা
- সিংহলি শব্দ - সিডর
- মেক্সিকান শব্দ - চকলেট
- গ্রিক শব্দ - দাম, সেমাই, ইউনানি
- তুর্কি শব্দ - বাবা, দারোগা, বন্দুক, চাকর, লাশ ইত্যাদি।
- ফরাসি শব্দ - ওলন্দাজ, বুর্জোয়া, আঁতাত, ইংরেজ, কার্তুজ
- জাপানি শব্দ - রিক্সা, হাসনাহেনা, হারিকিরি

সঠিক উত্তর : খ.

১৩. 'আহত' বিশেষণ পদের বিশেষ্য রূপ-
ক. আক্রমণ খ. আক্রান্ত গ. নির্যাতন ঘ. আঘাত

ব্যাখ্যা:

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|---|---|
| অঙ্গ | আঙ্গিক | অরণ্য | আরন্যক | উক্তি | উক্ত |
| অগ্নি | আগ্নেয় | আঘাত | আহত | উচ্চারণ | উচ্চারিত |
| অধ্যয়ন | অধীত | আত্মীয়তা | আত্মীয় | উদ্দেশ | উদ্দিষ্ট |
| অনাদর | অনাদৃত | আসন | আসীন | উন্নয়ন | উন্নতি |
| অনুবাদ | অনূদিত | আহ্বান | আহূত | উপমা | উপমেয় |

সঠিক উত্তর : ঘ.

১৪. 'মানুষ সূর্যোদয়ে আনন্দিত হয় এবং কিছু মানুষ রাত্রির আগমনে শঙ্কিত হয়'। কোন ধরনের বাক্য?
ক. মিশ্র বাক্য খ. জটিল বাক্য গ. সরল বাক্য ঘ. যৌগিক বাক্য

ব্যাখ্যা: •জটিল বা মিশ্র বাক্য চিনার সহজ উপায় হল-
বাক্যে সব সময় সাপেক্ষ সর্বনাম ও নিত্যসম্বন্ধীয় অব্যয় যোগ করা হয়। যেমন:
সাপেক্ষ সর্বনাম:- যে.....সে, যা.....তা, যিনি.....তিনি, যদি.....তবে, যাঁরা.....তাঁরা ইত্যাদি
নিত্যসম্বন্ধীয় অব্যয়:- যখন....তখন, যেমন.....তেমন ইত্যাদি
•যৌগিক বাক্য চিনার সহজ উপায় হল-
দুই বা ততোধিক খন্ডবাক্য সংযোজক, সংকোচক, বিয়োজক ইত্যাদি প্রকারের অব্যয় দ্বারা যুক্ত থাকে। যেমন:- কিন্তু, কিংবা, বরং, বা, অথবা, যদিও, এবং, নতুবা, নচেৎ, তথাপি, সুতরাং ইত্যাদি।
•আর উপরের বৈশিষ্ট্যগুলোর কোনটিই না থাকলে এবং বাক্যের মধ্যে একটি কর্তা ও একটি সমাপিকা ক্রিয়া থাকলে তাহলে তা সরল বাক্য।
যেমন - পাখিরা আকাশে উড়ে, শিশুটি হাসছে।
সঠিক উত্তর : ঘ.

১৫. ১/৪ এর সংখ্যাবাচক শব্দ নয়-
ক. চৌথাই খ. সিকি গ. পোয়া ঘ. পৌনে

ব্যাখ্যা: ১/৪ = চৌথা, সিকি বা পোয়া, ১/৩ = তেহাই, ৩/৪ = পৌনে
সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

১৬. 'বাঙালির বিষ' কথাটি বলতে শরৎচন্দ্র বুঝিয়েছেন-
ক. জীবনঘাতী বিষক্রিয়া খ. কঠিন প্রতিশোধস্পৃহা
গ. ক্ষণস্থায়ী ক্রোধ ঘ. অনিঃশেষ বিদ্বেষ

ব্যাখ্যা: 'বাঙালির বিষ' কথাটি লেখক ব্যঙ্গার্থে বলতে চান, বাঙালির ক্রোধ, বিদ্বেষ ইত্যাদি মুখের বাক্যেই সীমাবদ্ধ এবং ক্ষণস্থায়ী। তা সাপের বিষের মতো অব্যর্থভাবে কার্যকর নয়।
সঠিক উত্তর : গ.

১৭. 'Bad workman quarrels with his tools' - এর অর্থ হলো-
ক. নাচতে না জানলে উঠান বাঁকা খ. এক হাতে তালি বাজে না
গ. খারাপ কর্মী ঝগড়া করে ঘ. কাজ জানলে কাজি, না জানলে পাজি

ব্যাখ্যা: অল্পবিদ্যা ভয়ঙ্করী - A little learning is a dangeruos thing
অতি লোভে তাঁতি নষ্ট - All Covet, all lost
অন্ধকারে ঢিল মারা - Beat about the bush
অসারের তর্জন গর্জন সার - Empty vessels sound much
অধিক সন্ন্যাসীতে গাঁজন নষ্ট - Too many cooks spoil the broth.
নাচতে না জানলে উঠোন বাঁকা - A bad workman quarrels with his tools.
সঠিক উত্তর : ক.

১৮. কোন শব্দযুগল ভিন্নার্থক নয়?
ক. শিকার, স্বীকার খ. নবনী, ননি
গ. শর, ষড় ঘ. ধুম, ধুম

ব্যাখ্যা: নবনী, ননী - মাখন
অপশনের বাকী শব্দ গুলো ভিন্নার্থক।
সঠিক উত্তর : খ.

১৯. কোন শব্দটির পুরুষ বাচক রূপ নেই?
ক. সতী খ. ঠাকুরন গ. ঝি ঘ. ষোড়শী

ব্যাখ্যা: নিত্য স্ত্রীবাচক শব্দ - সতী, সতীন, বিধবা, সৎমা, কুলটা
নিত্য পুরুষবাচক শব্দ - কবিরাজ, ঢাকী, কৃতদার ইত্যাদি
সঠিক উত্তর : ক.

২০. 'রামদা' শব্দে 'রাম' উপসর্গটি ব্যবহৃত-
ক. ধারালো অর্থে খ. বৃহৎ অর্থে
গ. ভয়ংকর অর্থে ঘ. বিশেষ অর্থে

ব্যাখ্যা: "রাম" উপসর্গ টি সর্বদা "বৃহৎ বা উৎকৃষ্ট" অর্থ বোঝায়।
যেমন : রামদা, রামছাগল ইত্যাদি।
সঠিক উত্তর : খ.

২১. 'উৎ' উপসর্গটি কোন শব্দে ভিন্নার্থে প্রযুক্ত?
ক. উৎপন্ন খ. উৎকোচ
গ. উৎকট ঘ. উৎপাত

ব্যাখ্যা: উৎ - উর্দ্ধমুখিতা - উন্নতি, উৎক্ষিপ্ত, উত্তোলন
- অতিশয্য - উত্তপ্ত, উৎপন্ন, উৎফুল্ল
- প্রস্তুতি - উৎপাদন, উচ্চারণ
- অপকর্ষ - উৎকোচ, উৎকট
সঠিক উত্তর : ক.

২২. কোন শব্দে বাংলা উপসর্গের প্রয়োগ ঘটেছে?
ক. আবেগ খ. আকাশ
গ. আঢাকা ঘ. আকর্ণ

ব্যাখ্যা: আ + ঢাকা = আঢাকা। এখানে 'আ' একটি উপসর্গ।
সঠিক উত্তর : গ.

২৩. 'একটি তুলসী গাছের কাহিনী'তে কে গল্প-প্রেমিক?
ক. মতিন খ. কাদের গ. মোদাব্বের ঘ. হাবিবুল্লা

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

২৪. 'বড়ো বড়ো গাছ' কথাটিতে দ্বিরুক্তির ব্যবহার হয়েছে-
ক বহুবচন বোঝাতে খ. বিশেষণ অর্থে
গ. সংখ্যা বোঝাতে ঘ. সমষ্টিবাচকতা বোঝাতে

সঠিক উত্তর : ক.

২৫. কোনটি অপপ্রয়োগের দৃষ্টান্ত?
ক. উপর্যুক্ত খ. মিথষ্ক্রিয়া গ. ধসপ্রাপ্ত ঘ. একত্রিত

ব্যাখ্যা: শুদ্ধরূপ - একত্র।
সঠিক উত্তর : ঘ.

## English

***Select the alternative that best replaces the underlined portion of the sentence (01-03):***

**01. Neither Mr. Karim nor his friend <u>are invited to speak at the seminar.</u>**
A. is invited to speak at the seminar
B. are invited to speak at the seminar
C. is to speak at the seminar
D. are speaking at the seminar

ব্যাখ্যা: Either ...... or ; Neither ........ nor এবং Not only ....... But also এর ক্ষেত্রে Or, Nor এবং But Also এর পরে যে Subject থাকে Verb টিও সে অনুযায়ী হবে।
**Example :** Neither the girls nor Karim has seen this movie befor.
অনুরূপভাবে - Neither Mr. Karim nor his friend is invited to speak at the seminar.
**Ans : A.**

**02. <u>When one eats in this restaurant, you often find</u> that the prices are high.**
A. When one eats in this restaurant, you often find
B. When you eat in this restaurant, one often finds
C. When you eat in this restaurant, you often find
D. If you eat in this restaurant, you often find

ব্যাখ্যা: You এর পরিবর্তে শুধু You ই বসে।
**Ans : C.**

**03. Your courage is <u>as great as any other person</u> in defending your country.**
A. as great as any other person
B. as great as any other persons
C. great like other person
D. as great as that of any other person

ব্যাখ্যা: Sentence-এ একই জাতীয় Noun এর মধ্যে তুলনা করা হলে পূর্ববর্তী Noun এর পুনরাবৃত্তি পরিহার করার জন্য Singular/Uncountable Noun এর পরিবর্তে That of এবং Plural Noun এর পরিবর্তে Those of বসে।
**Example :** The rice of Barisal is better than that of Rajshahi.
অনুরূপভাবে - Your courage is as great as that of any other person.
**Ans : D.**

***Select the correct spelling of the word in capital letters (04-08):***

**04. MILLENIUM**
A. milenium B. millenium
C. millennium D. millennium

ব্যাখ্যা:

| | | | |
|---|---|---|---|
| Abbreviation | Hallucination | Humiliate | Questionnaire |
| Accelerator | Illegitimate | Garrulous | Prejudice |
| Accommodate | Inoculate | Vacillate | Quarrelsome |
| Acquaint | Innocuous | Encyclopedia | Colloquial |
| Advantageous | Interrogate | Chancellor | Pejorative |
| Bourgeois | Desiccate | Archipelago | Polyglot |
| Bureaucracy | Millennium | Repatriation | Transitory |
| Carriage | Parsimonious | Exchequer | Hideous |
| Champagne | Scissors | Macabre | Transfiguration |
| Commemorate | Souvenir | Pronunciation | Conscience |
| Exemplification | Mediaeval | Loquacious | Ascertain |
| Repercussions | Humorous | Sausage | Inoculate |

**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**05. PARSEVERANCE**
A. perseverence B. perseverance
C. persivareace D. parseverance

ব্যাখ্যা: উপরের (০৪) নং দেখ।
**Ans : B.**

**06. QUESTIONAIRE**
A. questionnaire B. questionaire
C. questionnairre D. questionnaire

ব্যাখ্যা: উপরের (০৪) নং দেখ।
**Ans : A.**

**07. INOCCULATE**
A innoculate B. inocculate C. inoculate D. innockulate

ব্যাখ্যা: উপরের (০৪) নং দেখ।
**Ans : C.**

**08. DESSICATE**
A. dessicate B. desiccate C. desicate D. dessicete

ব্যাখ্যা: উপরের (০৪) নং দেখ।
**Ans : B.**

***Fill in the blanks (9-13):***

**09. If you lose your card, please _____ us immediately by calling our 24 hour Contact Centre.**
A. note B. notify
C. notification D. notice

ব্যাখ্যা: **Note-** As a verb 'Note' is to call attention, To indicate as a 'noun' it's used as a record or a mark something special.
**Notice :** As a noun 'Notice' is used as an announcement.
**Notify -** As a verb ' Notify' is used to inform, tell, and annoncement.
**Notification -** As a noun 'Notification' is used as a formal announcement, the act or instance of notifying.
**Ans : B.**

**10. Before you entered the classroom, you _____ the teacher's permission.**
A. should seek B. seek
C. would have sought D. should have sought.

ব্যাখ্যা: Should 'Obligation' অথবা 'suggestion' বোঝায় কিন্তু Would 'Request' অথবা 'Desire' বোঝায়।
**Ans : D.**

**11. I'll go shopping in the afternoon _____ buy some new clothes.**
A. so that B. in order to
C. so as D. such that

ব্যাখ্যা: এখানে Fill in the gaps এ কারণ (Reason) বোঝাতে In order to বসবে। আর In order to এর পরে Verb এর base form বসবে।
**Ans : B.**

**12. The Bangladesh cricket team ____ with a victory against England.**
A. bounced up B. turned up
C. bounced back D. sprang up

ব্যাখ্যা: Bounced Back - অনেক বাধা অতিক্রম করে জয়লাভ করা।
**Ans : C.**

**13. Please ______ Pay your monthly dues regularly.**
A. remember too B. remember to
C. remember you to D. remind you to

ব্যাখ্যা: Remember এর পরে Preposition 'to' হবে। আর Sentence এর অতিরিক্ত Subject বসবে না।
**Ans : B.**

***Read the Following passage carefully and answer Questions (14 to 19) :***

Various research centres are studying identical twins in order to discover the 'heritability' of Behavioral characteristics that is the degree to which a trait is due to genes "nature" instead of environment. They have reached some starling conclusions. One study found, for example, that optimism and pessimism are both very much influenced by genes, but only optimism is affected by environment as well. According to another study, genes influence our coffee consumption, but not consumption of tea. Anxiety seems to be 40 to 50 percent heritable. Another study tells us that happiness does not depend much on money or love or professional success; instead, it is 80 percent heritable! Among the traits that appear to be largely heritable are shyness, attraction to danger (thrill seeking), choice of career and religious belief.

**14. In line 5, anxiety is nearest in meaning to**
A. thrill B. enthusiasm
C. foreboding D. Fellow - feeling

ব্যাখ্যা:Anxiety - ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তা করা।
**Synonym -** Botheration, Foreboding, Distress, Nervousness.
**Antonym -** Ease, Trust, Tranquility, Certainty.
**Ans : C.**

**15. Which of the following competes with nature in influencing humans?**
A. behaviour B. environment
C. genes D. characteristics

ব্যাখ্যা: Nature এর পাশাপাশি environment ও human কে প্রভাবিত করে।
**Ans : B.**

**16. What is the main topic of the paragraph?**
A. Research centres and study of genes
B. Optimism and pessimism as behavioural traits
C. Hereditariness of behavioural characteristics
D. Happiness of human beings and heredity

ব্যাখ্যা: Passage এর শুরুতে বলা আছে "In order to discover heritability of behavioural characteristics" পরবর্তীতে এই Heritability of behavioural characteristics নিয়ে আলোচনা করা হয়েছে।
**Ans : C.**

**17. Which of the following has been found to be free from the influence of genes?**
A. consumption of coffee B. happiness
C. consumption of tea D. choice of career

ব্যাখ্যা: Genes influence our coffec consumption, but not consumption of tea.
**Ans : C.**

**18. Which of the following is true?**
A. Anxiety is more heritable than happiness
B. Anxiety is as heritable as happiness
C. Anxiety is less heritable than happiness
D. Happiness is less heritable than anxiety

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে, Anxiety 40 to 50 percent heritable আবার hapiness is 80 percent heritable. সুতরাং
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**19. In line 3, startling is nearest in meaning to-**

A. upsetting B. beginning
C. dampening D. enchanting

ব্যাখ্যা: Startling - আকস্মিক বা চমকপ্রদ Enchanting - যাদু করা
Upsetting - অপ্রত্যাশিত
Synonym - Shocking, Astonishing.
Antonym - Expected.
**Ans : D.**

***Select the underlined word or phrase that is incorrect (20-24):***

**20. Do you know the student who books were stolen?**

A. Do B. Know
C. who D. were

ব্যাখ্যা: who এর possessive form whose বসবে।
**Ans : C.**

**21. Kabita intends to starting her own software business in a few years.**

A. intends B. starting
C. software D. few

ব্যাখ্যা: Infinitive To এর পরে Verb + ing বসে না।
**Ans : B.**

**22. When our vacation, we plan to spend three days scuba diving.**

A. When B. plan
C. days D. diving

ব্যাখ্যা: Adjective সাধারণত Plural হয় না। এখানে 'three days' scuba diving এর Adjective, তাই three day বসবে।
**Ans : C.**

**23. I had a enjoyable time at the party last night.**

A. a B. time
C. at D. last

ব্যাখ্যা: "I had an enjoyable time" হবে।
**Ans : A.**

**24. The majority to the news is about violence or scandal.**

A. the B. to
C. news D. violence

ব্যাখ্যা: majority এর পরে prepasition of বসে।
**Ans : B.**

**25. The best translation of 'আরজ আলী মাতুব্বর বাংলাদেশের এক বিস্ময়কর ব্যক্তিত্ব' is-**

A. Aroj Ali Matubbor is a surprising personality of Bangladesh.
B Aroj Ali Matubbor is an amazing Bangladeshi personality
C. Aroj Ali Matubbor is Bangladesh's startling person.
D. Aroj Ali Matubbor is a wiend Bangladeshi person.

ব্যাখ্যা: এখানে, বিস্ময়কর বোঝাতে Amazing হবে।
**Ans : B.**

## সাধারণ জ্ঞান

### বাংলাদেশ বিষয়াবলি

**০১. প্রখ্যাত বৌদ্ধ পণ্ডিত দার্শনিক অতীশ দীপঙ্কর বাংলাদেশের বিক্রমপুরের কোন গ্রামে জন্মগ্রহণ করেন?**

ক. বজ্রযোগিনী খ. ভাগ্যকুল
গ. গঙ্গানগর ঘ. বালিগাঁও

ব্যাখ্যা: অতীশ দীপঙ্কর ৯৮২ সালে বর্তমান মুন্সিগঞ্জ জেলার অন্তর্ভুক্ত বিক্রমপুরের বজ্রযোগিনী গ্রামে জন্মগ্রহন করেন।
- তিনি তিব্বতে বৌদ্ধ ধর্মের ব্যাপক সংস্কার সাধন করেন।
- ১০৫৪ সালে তিব্বতের লামা নগরে তিনি মৃত্যুবরণ করেন।

**সঠিক উত্তর : ক.**

**০২. চার্লস ডি ওলির 'Antiquities of Dacca' কী ধরনের গ্রন্থ?**

ক. ভ্রমণ কাহিনী খ. চিত্রশিল্প
গ. কবিতা ঘ. অর্থনীতি

ব্যাখ্যা: চার্লস ডি'ওলির "Antiquities of Dacca" ঢাকার ইতিহাসের এক অনন্য উৎস। যদিও বইটি মূলত ছবির ফোলিও। তারপরও ছবিগুলোর সাথে সাথে ঢাকার ইতিহাস ও তুলে ধরা হয়েছে।
**সঠিক উত্তর : খ.**

**০৩. পঞ্চম আদমশুমারি প্রাথমিক রিপোর্ট অনুযায়ী দেশে পরিবারের গড় সদস্য সংখ্যা কত?**

ক. ২.৪ জন খ. ৪.৪ জন
গ. ৬.৪ জন ঘ. কোনটিই নয়

ব্যাখ্যা: ২০১১ সালের পঞ্চম আদমশুমারী অনুযায়ী পরিবারের (খানা) গড় সদস্য সংখ্যা ৪.৪ জন।
**সঠিক উত্তর : খ.**

**০৪. 'সি-মি-উই-৪' সাবমেরিন ক্যাবল লাইনটির আনুমানিক দৈর্ঘ্য কত?**

ক. ২ হাজার কি.মি খ. ১২ হাজার কি.মি
গ. ২০ হাজার কি.মি ঘ. ৩০ হাজার কি.মি

ব্যাখ্যা:
- বাংলাদেশ সাবমেরিন ক্যাবল নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানী লিমিটেড (BSCCL)
- এই ক্যাবল লাইন টি প্রায় ২০,০০০ কিঃমিঃ বিস্তৃত।
- সম্প্রতি বাংলাদেশ দ্বিতীয় সাবমেরিন ক্যাবল (সি-মি-উই ৫) এ যুক্ত হওয়ার জন্য এক চুক্তি স্বাক্ষর করেছে।

**সঠিক উত্তর : গ.**

**০৫. বাংলাদেশ ক্রিকেট দল কোন দলের বিরুদ্ধে প্রথম টেস্ট খেলে?**

ক. অস্ট্রেলিয়া খ. ভারত
গ. শ্রীলঙ্কা ঘ. কেনিয়া

ব্যাখ্যা: • ১৩ নভেম্বর ২০০০ বাংলাদেশ ক্রিকেট দল তাদের প্রথম টেস্ট খেলে ভারতের বিরুদ্ধে ঢাকায়।
**সঠিক উত্তর : খ.**

**০৬. নিচের কোনটি সুফিয়া কামাল লিখেছেন?**

ক. নূরজাহান খ. একাত্তুরের কথা
গ. রাজকুমারী ঘ. একাত্তরের ডায়েরী

**সঠিক উত্তর : ঘ.**

**০৭. পূর্ব বাংলার প্রথম সরকারি বালিকা বিদ্যালয় কোনটি?**

ক. বেথুন স্কুল খ. ঢাকা ফিমেল স্কুল
গ. ইডেন গার্লস স্কুল ঘ. বাংলাবাজার গার্লস স্কুল

**সঠিক উত্তর : গ.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

০৮. কোরামের জন্য জাতীয় সংসদে কত জন সদস্যের উপস্থিতি প্রয়োজন?
ক. ৫০ খ. ৬০ গ. ৭০ ঘ. ৮০

ব্যাখ্যা:
- বাংলাদেশ গণপরিষদের প্রথম অধিবেশন বসে - ১০ এপ্রিল ১৯৭২।
- প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় - ৭ মার্চ, ১৯৭৩।
- প্রথম গণপরিষদের স্পিকার - শাহ আবদুল হামিদ।
- স্পিকারের বিনা অনুমতিতে ৯০ দিন অনুপস্থিত থাকলে সংসদ সদস্য বাতিল হয়ে যায়।
- জাতীয় সংসদের ১নং আসন পঞ্চগড়ে (তেতুলিয়া-সদর-অটোয়ারী)
- জাতীয় সংসদের ৩০০নং আসন পার্বত্য বান্দরবান জেলা।
- জাতীয় সংসদে কোরাম হয় - ৬০ জনে।
- মন্ত্রীরা যে বিল সংসদে উপস্থাপন করেন তা সরকারী বিল।
- সংসদ সদস্যরা যে বিল সংসদে উপস্থাপন করেন তা বেসরকারী বিল।
- ইংরেজী নাম - House of the nation

সঠিক উত্তর : খ.

০৯. রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম কি?
ক. ভানু সিংহ খ. টেকচাঁদ ঠাকুর
গ. বনফুল ঘ. মুকুন্দরাম

ব্যাখ্যা: বিশিষ্ট কবিদের ছদ্মনাম-

| নাম | ছদ্দনাম |
|---|---|
| মীর মশাররফ হোসেন | গাজী মিয়া |
| রবীন্দ্রনাথ ঠাকুর | ভানুসিংহ ঠাকুর |
| প্যারিচাঁদ মিত্র | টেকচাঁদ ঠাকুর |
| কাজেম আল কোরাইশী | কায়কোবাদ |
| চারুচন্দ্র মুখোপাধ্যায় | জরাসন্ধ |
| ড. মুহাম্মদ মনিরুজ্জামান | হায়াৎ মামুদ |
| সমরেশ বসু | কালকূট |
| সুনীল গঙ্গোপাধ্যায় | নীল লোহিত |
| আনন্দ | বড় চন্ডীদাস |
| প্রমথ চৌধুরী | বীরবল |
| বলাইচাঁদ মুখোপাধ্যায় | বনফুল |
| মধুসূদন দত্ত | টিমোথি পেনপয়েম |

সঠিক উত্তর : ক.

১০. কার প্রচেষ্টায় বিধবা বিবাহ আইন প্রবর্তিত হয়?
ক. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর খ. রাজা রামমোহন রায়
গ. দ্বারকানাথ ঠাকুর ঘ. ইয়ং বেঙ্গল গ্রুপ

ব্যাখ্যা: • বিধবা বিবাহ আইন প্রবর্তনে ভূমিকা রাখেন - ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
- সতীদাহ প্রথা বিলুপ্তিতে ভূমিকা রাখেন - রাজা রামমোহন রায়।

সঠিক উত্তর : ক.

১১. বাংলাদেশ কয়টি জেলায় কোন রাষ্ট্রীয় বনভূমি নেই?
ক. ৩১ খ. ৫২ গ. ১৯ ঘ. ২৮

ব্যাখ্যা: • বাংলাদেশের ২৮টি জেলায় রাষ্ট্রীয় বনভূমি নাই।
- সরকারী বনভূমি - ১৭ টি।

সঠিক উত্তর : ঘ.

১২. বাংলাদেশে রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার কে?
ক. কাজী খসরু খ. কামরুল হাসান
গ. স্বপন কুমার ঘ. এ.এন.এ.সাহা

ব্যাখ্যা: • রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার-এ.এন.এ সাহা।
- জাতীয় পতাকার রূপকার - চিত্রশিল্পী কামরুল হাসান।
- জাতীয় পতাকার নকশা প্রথম তৈরী করেন - শিব নারায়ণ দাস।
- বাংলাদেশের মানচিত্র প্রথম আঁকেন - মেজর জেমস রেনাল।

সঠিক উত্তর : ঘ.

১৩. বাংলাদেশের কোন বিভাগের সাথে ভারতের কোন সীমান্ত সংযোগ নেই?
ক. রাজশাহী খ. খুলনা গ. বরিশাল ঘ. চট্টগ্রাম

ব্যাখ্যা: বরিশাল বিভাগের সাথে ভারতের কোন সীমান্ত সংযোগ নেই। বরিশাল বিভাগের সীমান্ত বঙ্গোপসাগর বেষ্টিত।

সঠিক উত্তর : গ.

১৪. কবি কাজী নজরুল ইসলাম প্রথম মহাযুদ্ধে সেনাবাহিনীর কোন রেজিমেন্টের অন্তর্ভুক্ত হয়ে যুদ্ধ করেন?
ক. ১ বেঙ্গল রেজিমেন্ট খ. ৯ বেঙ্গল রেজিমেন্ট
গ. ৪৯ বেঙ্গল রেজিমেন্ট ঘ. ৩ বাজাব রেজিমেন্ট

ব্যাখ্যা: • কাজী নজরুল ইসলাম ১৯১৭ সালে ৪৯ বেঙ্গল রেজিমেন্টে যোগ দেন।
- বাঙ্গালী পল্টন বা ৪৯ বেঙ্গল রেজিমেন্ট বাঙ্গালীদের প্রথম সামরিক সংগঠন।
- ১৯২০ সালে বাঙ্গালী পল্টন ভেঙ্গে দিলে তিনি সৈনিক জীবন ছেড়ে কলকাতায় চলে আসেন।

সঠিক উত্তর : গ.

১৫. বাংলাদেশের কোন নারী সম্প্রতি পরিবেশ রক্ষায় বিশেষ ভূমিকার জন্য 'ওয়াঙ্গারী মাথাই' পুরস্কার পেয়েছেন?
ক. খুরশীদা বেগম খ. মনোয়ারা খাতুন
গ. মালা রানী ঘ. এদের কেউ নন

ব্যাখ্যা: • ২০১২ সালে পরিবেশ রক্ষার বিশেষ অবদানের জন্য বাংলাদেশি খুরশীদা বেগমকে "ওয়াঙ্গারী মাথাই" পুরস্কার দেওয়া হয়।

সঠিক উত্তর : ক.

১৬. 'Ninety East Ridge' বাংলাদেশের কোন অংশের সাথে সম্পর্কিত?
ক. মধুপুর-বরেন্দ্র অঞ্চল খ. জয়ন্তিয়া পাহাড়
গ. বঙ্গোপসাগর ঘ. তিন বিঘা করিডোর

ব্যাখ্যা: Ninety East Rigde হল একটি দ্রাঘিমাংশ রেখা। এ রেখা উত্তর মেরু থেকে ভারত মহাসাগর, বঙ্গোপসাগর হয়ে, ক্রমে দক্ষিণ মেরু পর্যন্ত বিস্তৃত।

সঠিক উত্তর : গ.

১৭. 'সাইনী' কোন নদীর উপ-নদী?
ক. সাঙ্গু খ. যমুনা
গ. টাঙ্গন ঘ. কর্ণফুলী

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু নদীর শাখা ও উপনদী -
পদ্মা - শাখা নদী - মাথাভাঙ্গা, গড়াই, মধুমতি, ভৈরব, আড়িয়াল খাঁ
উপনদী - মহানন্দা, কপোতাক্ষ।
যমুনা - শাখানদী - ধলেশ্বরী
উপনদী - করতোয়া, আত্রাই, তিস্তা।
ব্রহ্মপুত্র - শাখানদী - বংশী, শীতলক্ষা
উপনদী - তিস্তা, ধরলা
মেঘনা - উপনদী - গোমতী, তিতাস, মনু
কর্ণফুলী - উপনদী - হালদা, বোয়ালখালী, সাইনী

সঠিক উত্তর : ঘ.

১৮. 'বগা লেক' নামে পরিচিত লেকটি বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ক. সুনামগঞ্জ খ. বান্দরবান গ. রাঙ্গামাটি ঘ. কিশোরগঞ্জ

ব্যাখ্যা:
- কাপ্তাই লেক - দেশের সর্ববৃহৎ কৃত্রিম লেক, চট্টগ্রামে অবস্থিত।
- বগা লেক - বাংলাদেশের সর্বোচ্চ উচ্চতার স্বাদু পানির লেক, বান্দরবানে অবস্থিত।
- প্রান্তিক লেক - হলুদিয়া, বান্দরবান।
- লেকের জেলা হিসেবে পরিচিত রাঙ্গামাটি।

সঠিক উত্তর : খ.

১৯. নীচের কোন প্রতিষ্ঠান 'স্বাধীনতা দিবস পুরস্কার' লাভ করেছে?
ক. বাংলা একাডেমী খ. এশিয়াটিক সোসাইটি
গ. ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ. মুক্তিযুদ্ধ যাদুঘর

ব্যাখ্যা: ২০১১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় "স্বাধীনতা পদক" পায়।
- ২০১৬ সালে স্বাধীনতা পুরস্কার প্রাপ্ত প্রতিষ্ঠান - বাংলাদেশ নৌবাহিনী

সঠিক উত্তর : গ.

২০. উৎপত্তিস্থলে মেঘনার নাম কি?
ক. মানস খ. লুসাই
গ. বরাক ঘ. গোমতি

ব্যাখ্যা:
- উৎপত্তি স্থলে মেঘনা নদীর নাম বরাক।
- বাংলাদেশের দীর্ঘতম, প্রশস্ততম ও গভীরতম নদী মেঘনা।
- নিঝুম দ্বীপ মেঘনা নদীর মোহনায় অবস্থিত।

সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

২১. ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন কত সালে অনুষ্ঠিত হয়?
ক. ১৯২৩ খ. ১৯২৪
গ. ১৯২৫ ঘ. কোনটিই নয়

ব্যাখ্যা: • প্রথম সমাবর্তন হয় - ১৯২৩ সালে
• স্বাধনতার পরে প্রথম সমাবর্তন হয় - ১৯৯৯ সালে।
সঠিক উত্তর : ক.

২২. বাংলাদেশ শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরো কি নামে পরিচিত?
ক. বাশিতপ খ. বিএইএস
গ. ব্যানইনএকশন ঘ. ব্যানবেইস

ব্যাখ্যা: • BANBEIS - Bangladesh Bureaue of Educational Information and Statistics.
সঠিক উত্তর : ঘ.

২৩. ২০১১ সালের মানব উন্নয়ন সূচকে বাংলাদেশের স্থান কত?
ক. ১২৭ খ. ১৪৬
গ. ১৫০ ঘ. ১৫১

ব্যাখ্যা: • ২০১৫ সালে মানব উন্নয়ন সূচকে বাংলাদেশ - ১৪২ তম।
সঠিক উত্তর : খ.

২৪. বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কে চিফ অব স্টাফের দায়িত্ব পালন করেন?
ক. জেনারেল ওসমানী খ. লে. কর্নেল এম এ রব
গ. গ্রুপ ক্যাপ্টেন এ কে খন্দকার ঘ. এদের কেউ নন

ব্যাখ্যা: মুক্তযুদ্ধ কালীন মুজিবনগর সরকার এর-
প্রধান সেনাপতি এবং সশস্ত্র বাহিনীর প্রধান এম এ জি ওসমান
চীফ অব স্টাফ - কর্ণেল (অব) আব্দুর রব।
বিমানবাহিনীর প্রধান - এ কে খন্দকার।
সঠিক উত্তর : খ.

২৫. বাংলায় 'অপভ্রংশ' শব্দটি মূলতঃকিসের সাথে সম্পর্কিত?
ক. মৃৎশিল্প খ. ধর্ম
গ. ভাষা ঘ. প্রত্নতত্ত্ব

ব্যাখ্যা: অপভ্রংশ দ্বারা ভাষার এক রূপ থেকে আরেক রূপে পরিবর্তন বোঝায়। অপভ্রংশ দ্বারা ভাষার বিকৃতিও বোঝায়।
সঠিক উত্তর : গ.

## আন্তর্জাতিক বিষয়াবলি

০১. ১৯৯৩ সনে 'ভেলভেট ডিভোর্স' এর ফলে কোন দুটি দেশের জন্ম হয়?
ক. রাশিয়া ও জর্জিয়া খ. চেক প্রজাতন্ত্র ও স্লোভাকিয়া
গ. বসনিয়া ও সার্বিয়া ঘ. তুভালু ও নাউরু

ব্যাখ্যা: ১ জানুয়ারী ১৯৯৩, তৎকালীন চেকস্লোভিয়া (Czechoslovakia) বিভক্ত হয়ে নতুন দুটি দেশ চেক প্রজাতন্ত্র (Czech Republic) এবং স্লোভাকিয়া (Slovakia) এর জন্ম হয়।
সঠিক উত্তর : খ.

০২. ইউরোজোন ভুক্ত সদস্য রাষ্ট্রের সংখ্যা-
ক. ১৯ খ. ১৭ গ. ২৭ ঘ. ৯

ব্যাখ্যা: ইউরোজোন ভুক্ত দেশ - ১৯ টি
যথা- অস্ট্রিয়া, বেলজিয়াম, সাইপ্রাস, এস্তোনিয়া, ফিনল্যান্ড, ফ্রান্স, জার্মানী, গ্রীস, আয়ারল্যান্ড, ইতালি, লাটভিয়া, লিথুনিয়া, লুক্সেমবার্গ, মাল্টা, নেদারল্যান্ড, পর্তুগাল, স্লোভাকিয়া, স্লোভানিয়া, স্পেন।
সঠিক উত্তর : ক.

০৩. আন্তর্জাতিক আদালতে কোন দুটি দেশ প্রথম মামলা করেছিল?
ক. ফ্রান্স ও লাইবেরিয়া খ. ফিনল্যান্ড ও নরওয়ে
গ. যুক্তরাজ্য ও আলবেনিয়া ঘ. দক্ষিণ আফ্রিকা ও লেসোথো

ব্যাখ্যা: • ১৯৪৭ সালে কর্ফু চ্যানেল নিয়ে বিরোধের জের ধরে যুক্তরাজ্য ও আলবেনিয়া আন্তর্জাতিক আদালত মামলা করেছিল।
সঠিক উত্তর : গ.

০৪. ১৭৮২ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত কোন দেশে 'চক্রী' বংশ শাসন করছে?
ক. থাইল্যান্ড খ. নেপাল
গ. ভুটান ঘ. লাওস

ব্যাখ্যা: • ১৭৮২ সাল থেকে থাইল্যান্ডে "চক্রী" বংশের শাসন বলছে।
• থাইল্যান্ডের নাম শ্যামদেশ রাখেন "চক্রী" বংশের প্রথম রাজা "প্রথম রমা"।
• "শ্বেত হাতির দেশ" বলা হয় থাইল্যান্ডকে।
• থাইল্যান্ড শব্দের অর্থ স্বাধীন ভূমি।
• থাইল্যান্ডের অপর নাম শ্যামদেশ।
• ১৯৩৯ সালে শ্যামদেশ নাম পরিবর্তন করে থাইল্যান্ড নাম রাখা হয়।
• থাইল্যান্ড কখনোও কারো উপনিবেশ হয়নি।
সঠিক উত্তর : ক.

০৫. ২০১২-১৩ সালের বৈশ্বিক প্রতিযোগিতার সূচকে বাংলাদেশের অবস্থান-
ক. ৩০ খ. ১১৮ গ. ১৪৪ ঘ. ৫৫

ব্যাখ্যা: • বৈশ্বিক প্রতিযোগিতা সূচক (The Global Competitiveness Report) প্রকাশ করে বিশ্ব অর্থনৈতিক ফোরাম (Word Economic Foram)।
• ২০২০-২১ সালের বৈশ্বিক প্রতিযোগিতা সূচকে বাংলাদেশের অবস্থান ৯১ তম।
সঠিক উত্তর : খ.

০৬. আলেপ্পো শহরটি কোথায় অবস্থিত?
ক. মিশর খ. ইরান গ. সিরিয়া ঘ. ইয়েমেন

ব্যাখ্যা: • "আলেপ্পো শহর" সিরিয়ার সবচাইতে বড় শহর।
• আলেপ্পো শহরে বর্তমান সিরিয়ার বিদ্রোহীগ্রুপ "Free Syrian Army" এর সদর দপ্তর রয়েছে।
সঠিক উত্তর : গ.

০৭. বোদলীয়ান গ্রন্থাগারটি কোন প্রতিষ্ঠানের প্রধান গবেষণা গ্রন্থাগার?
ক. লুভেনের ক্যাথলিক বিশ্ববিদ্যালয় খ. নটরডেম বিশ্ববিদ্যালয়
গ. অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ঘ. ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়

ব্যাখ্যা: • বোদলীয়ান গ্রন্থাগারটি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের প্রধান গবেষনা গ্রন্থ।
• এটি ইউরোপের প্রাচীন গ্রন্থাগার গুলোর মধ্যে অন্যতম।
সঠিক উত্তর : গ.

০৮. কোন দেশে Gross National Product (GNP) - এর পরিবর্তন Gross National Happines (GNH) ব্যবহার করা হয়?
ক. শ্রীলংকা খ. ভুটান
গ. কম্বোডিয়া ঘ. ভিয়েতনাম

ব্যাখ্যা: • ২০১৩ তে ভুটানে GNP পরিবর্তে GNH চালু হয়।
সঠিক উত্তর : খ.

০৯. মিশরের ক্ষমতাসীন দল মুসলিম ব্রাদারহুড কোন সালে প্রতিষ্ঠিত হয়?
ক. ১৯২৫ খ. ১৯২৬ গ. ১৯২৭ ঘ. ১৯২৮

ব্যাখ্যা: • ১৯২৮ সালের মার্চে মিসরে মুসলিম ব্রাদারহুড প্রতিষ্ঠা লাভ করে। প্রতিষ্ঠাতা - হাসান আল বান্না।
• ৩০ জুন ২০১২ তে তারা ক্ষমতায় আসে।
• ৩ জুলাই ২০১৩ তে সেনাবাহিনী কর্তৃক অপসারিত হয়।
সঠিক উত্তর : ঘ.

১০. মিয়ানমারে রাজধানীর নাম-
ক. নেপিদো খ. ইয়াংগুন গ. ম্যানডলে ঘ. বাগান

ব্যাখ্যা: • মায়ানমারের বর্তমান রাজধানী - নাইপিদো
• ১৯৯৫ সালে "ইয়াঙ্গুন" (পূর্ব নাম রেঙ্গুন) থেকে "নাইপিদো" তে রাজধানী সরিয়ে আনা হয়।
সঠিক উত্তর : ক.

১১. ইয়াসির আরাফাতকে কোথায় সমাধিস্থ করা হয়?
ক. জেরুজালেম খ. জেরিকো
গ. রামাল্লা ঘ. গাজা

ব্যাখ্যা: • ফিলিস্তিন এর প্রথম প্রেসিডেন্ট - ইয়াসির আরাফাত
• ১৯৬৪ সালে ২৮ মে PLO (Palastine liberation Organization) প্রতিষ্ঠিত হয়।
• ১৯৯৪ সালে ইয়াসির আরাফাত শান্তিতে নোবেল পুরস্কার পান।
• ২৪ আগষ্ট ১৯২৯, তিনি মিশরের কায়রোতে জন্ম করেন।
• ২০০৪ সালের ১১ নভেম্বর তিনি প্যারিসে মৃত্যুবরণ করেন।
• তার মৃত্যুর পর তাকে রামাল্লায় সমাহিত করা হয়।
• তিউনেসিয়ায় নির্বাসিত জীবন ছেড়ে স্থায়ীভাবে গাজা ভুখন্ডে আসন - ১ জুলাই ১৯৯৪।
সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১২. চীন ও জাপানের মধ্যে বিরোধপূর্ণ অঞ্চলের নাম কী?**
ক. সেনকাকু খ. স্প্রেটলি দ্বীপ
গ. প্যারসেল দ্বীপপুঞ্জ ঘ. প্রাটাস দ্বীপ

ব্যাখ্যা: বিস্তারিত: ঘ (২০১৩-২০১৪) এর আন্তজার্তিক বিষয়াবলী (২৪) নং দেখ।
**সঠিক উত্তর : ক.**

**১৩. গুপ্তচর মাতা হারি কোন দেশের লোক ছিলেন?**
ক. জাপান খ. ইন্দোনেশিয়া
গ. হল্যান্ড ঘ. থাইল্যান্ড

ব্যাখ্যা: • গুপ্তচর মাতা হারি ডাচ নৃত্যশিল্পী ছিলেন
• প্রথম বিশ্বযুদ্ধে জার্মানীর পক্ষে গুপ্তচর বৃত্তি করার অপরাধে তাকে ফ্রান্সের সেনাবাহিনী হত্যা করে।
**সঠিক উত্তর : গ.**

**১৪. কম্বোডিয়ার মুদ্রার নাম-**
ক. রিয়াল খ. ওৎ গ. ইউয়ান ঘ. ইয়েন

ব্যাখ্যা: • কম্বোডিয়ার মুদ্রার নাম - রিয়াল, রাজধানী - নমপেন
**সঠিক উত্তর : ক.**

**১৫. ভারতীয় কাশ্মীরের কোন অংশে বৌদ্ধরা সংখ্যাগরিষ্ঠ?**
ক. লাদাখ খ. জম্মু
গ. শ্রীনগর ঘ. আকসাই চিন

ব্যাখ্যা: ভারত শাসিত কাশ্মির মুসলিম সংখ্যাগরিষ্ঠ। জম্মু হিন্দু সংখ্যাগরিষ্ঠ এবং লাদাখ বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ, অন্যদিকে পাকিস্তান শাসিত আজাদ কাশ্মির ও উত্তর অঞ্চল পুরোপুরি মুসলিম সংখ্যাগরিষ্ঠ।
**সঠিক উত্তর : ক.**

**১৬. ব্লু লাইন কোন দেশ দুটিকে পৃথক করেছে?**
ক. লেবানন ও ইসরাইল খ. উত্তর ও দক্ষিণ কোরিয়া
গ. সিরিয়া ও তুরস্ক ঘ. রাশিয়া ও ফিনল্যান্ড

ব্যাখ্যা: বিশ্বের গুরুত্বপূর্ণ কিছু সীমা চিহ্নিতকরন রেখা-

| নাম | যেসব দেশে বিভক্ত করে |
|---|---|
| ব্লু লাইন | লেবানন - ইসরাইল |
| গ্রিন লাইন | ইসরাইল ও এর প্রতিবেশী দেশ |
| পারপাল লাইন | ইসরাইল - সিরিয়া |
| ম্যাকমোহন লাইন | ভারত - চীন |
| লাইন অব একচুয়াল কন্ট্রোল | চীন - ভারত |
| লাইন অব কন্ট্রোল | ভারত - পাকিস্তান |
| ডুরান্ড লাইন | আফগানিস্তান - পাকিস্তান |
| হিডেনবার্গ লাইন | জার্মান - ফ্রান্স |
| ওডেরনিস লাইন | জার্মানি - পোল্যান্ড |
| সিগফ্রিড লাইন | জার্মানি - ফ্রান্স |
| ম্যাজিনো লাইন | জার্মানি - ফ্রান্স |
| আলপাইন লাইন | ইতালি - ফ্রান্স |
| সনোরা লাইন | মেক্সিকো - যুক্তরাষ্ট্র |
| ৪৯ তম উত্তর অক্ষরেখা | কানাডা - যুক্তরাষ্ট্র |
| ৩৮ তম উত্তর অক্ষরেখা | উত্তর ও দক্ষিণ কোরিয়া |

**সঠিক উত্তর : ক.**

**১৭. কোন দেশ ২০১৮ সালে ফিফা বিশ্বকাপ আয়োজন করবে?**
ক. রাশিয়া খ. ব্রাজিল গ. কাতার ঘ. স্পেন

ব্যাখ্যা: ২০১৮ সালের বিশ্বকাপ অনুষ্ঠিত হবে রাশিয়ায়।
২০২২ সালের বিশ্বকাপ অনুষ্ঠিত হবে কাতারে।
**সঠিক উত্তর : ক.**

**১৮. আফিম-যুদ্ধ কোন রাষ্ট্রসমূহের মধ্যে সংঘটিত হয়েছিল?**
ক. চীন ও যুক্তরাজ্য খ. চীন ও যুক্তরাষ্ট্র
গ. চীন ও রাশিয়া ঘ. চীন ও ফ্রান্স

ব্যাখ্যা: আফিম যুদ্ধ যুক্তরাজ্য ও চীন এর মধ্যকার সংঘটিত যুদ্ধ। এটি দুইধাপে সংঘটিত হয়েছিল প্রথম আফিম যুদ্ধ হয় ১৮৩৯ থেকে ১৮৪২ সালে এবং দ্বিতীয় আফিম যুদ্ধ হয় ১৮৫৬ থেকে ১৮৬০ পর্যন্ত।
**সঠিক উত্তর : ক.**

**১৯. ১৮তম সার্ক শীর্ষ বৈঠক কোন দেশে অনুষ্ঠিত হবে?**
ক. ভারত খ. নেপাল
গ. পাকিস্তান ঘ. বাংলাদেশ

ব্যাখ্যা: ১৯তম সার্ক শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হবে ২০১৬ তে পাকিস্তানের ইসলামাবাদে।
**সঠিক উত্তর : খ.**

**২০. কয়টি দেশের সাথে আফগানিস্তানের অভিন্ন সীমান্ত আছে?**
ক. ৪ খ. ৫ গ. ৭ ঘ. ৬

ব্যাখ্যা: ৬টি দেশের সাথে আফগানিস্তানের অভিন্ন সীমান্ত আছে। যথা- তাজিকিস্তান, তুর্কেমনিস্তান, উজবেকিস্তান, চীন, পাকিস্তান ও ইরান।
**সঠিক উত্তর : ঘ.**

**২১. যুক্তরাষ্ট্রে নির্বাচনী কলেজ (Electoral College) ভোটের সংখ্যা কত?**
ক. ৫৩৮ খ. ৫২০
গ. ৫৭০ ঘ. ৫২৯

ব্যাখ্যা: • যুক্তরাষ্ট্রের মোট নির্বাচনী কলেজ ভোট (Electroral College Vote) ৫৩৮ টি।
• প্রেসিডেন্ট নির্বাচিত হতে ২৭০ টি ইলেক্টোরাল ভোট পেতে হয়।
• সবচেয়ে বেশী ইলেক্টোরাল ভোট আছে ক্যালিফোর্নিয়াতে (৫৫ টি)।
**সঠিক উত্তর : ক.**

**২২. কোন দেশটি জি-২০ এর সদস্য নয়?**
ক. চীন খ. মালয়েশিয়া
গ. তুরস্ক ঘ. ইতালি

ব্যাখ্যা: জি-২০ এর সদস্য ভুক্ত দেশগুলো - আর্জেন্টিনা, অস্ট্রেলিয়া, ব্রাজিল, কানাডা, চীন, ফ্রান্স, জার্মানী, ভারত, ইন্দোনেশীয়া, ইতালী, জাপান, দক্ষিণ কোরিয়া, মেক্সিকো, রাশিয়া, সৌদি আরব, দক্ষিণ আফ্রিকা, তুরস্ক, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন।
**সঠিক উত্তর : খ.**

**২৩. 'আমার একটি স্বপ্ন আছে' বক্তৃতাটি কে প্রদান করেছিলেন?**
ক. জর্জ ওয়াশিংটন খ. আব্রাহাম লিংকন
গ. মার্টিন লুথার কিং জুনিয়র ঘ. জন এফ কেনেডি

ব্যাখ্যা: গুরুত্বপূর্ন কিছু বক্তৃতা -
• জনগনের সরকার, জনগনের দ্বারা সরকার এবং জনগনের জন্য সরকার - আব্রাহাম লিংকন।
• পথ যতই দীর্ঘ কিংবা দুর্গম হোক বিজয় ছাড়া আমাদের অন্য কোন পথ নেই - উইনস্টন চার্চিল।
• আমার একটি স্বপ্ন আছে - মার্টিন লুথার কিং।
• আমাকে স্বাধীনতা দাও, নয়তো মৃত্যু - প্যাট্রিক হেনরি।
• গণতন্ত্রই একমাত্র আদর্শ, যার জন্য আমি মরতে প্রস্তুত - নেলসন ম্যান্ডেলা।
• Man is born free and every where he is in chains - Russue
**সঠিক উত্তর : গ.**

**২৪. কোন দেশ ২০১৫ সালে ন্যাম শীর্ষ সম্মেলন আয়োজন করবে?**
খ. ভারত খ. ভেনেজুয়েলা
গ ব্রাজিল ঘ. মালয়েশিয়ান

ব্যাখ্যা: ১৭তম ন্যাম সম্মেলন অনুষ্ঠিত হবে ২০১৫ সালে ভেনেজুয়েলার কারাকাসে।
**সঠিক উত্তর : খ.**

**২৫. কোন দেশটি মেমোগেট (Memogate) কেলেংকারীর সঙ্গে যুক্ত?**
ক. কলম্বিয়া খ. ভারত
গ. দক্ষিণ আফ্রিকা ঘ. পাকিস্তান

**সঠিক উত্তর : ঘ.**

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A & H Unit ♦ বিজ্ঞান - D Unit
♦ মানবিক - B, F, I Unit ♦ মানবিক - C, C1 Unit
♦ বিবিএ - E Unit ♦ আইবিএ - G Unit

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার